



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দরভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

পরিচালক (পরিবহন), চবকএরদপ্তরাদেশনং-৩৩/২০২৬

তারিখঃ ১৬ই মার্চ, ২০২৬খ্রিঃ।

চাকুরী হইতে অপসারণ আদেশ

যেহেতু জনাব মো: নায়েবুল ইসলাম, নিম্নমান বহি: সহকারী (সাময়িক বরখাস্ত), পরিবহন বিভাগ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর বিরুদ্ধে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগ আনা হয়েছে;

যেহেতু তাঁর এহেন কার্যকলাপ আচরণ ও শৃংখলা পরিপন্থি এবং চাকুরী বিধানবলীর লঙ্ঘন;

যেহেতু চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ চাকুরী প্রবিধানমালা ১৯৯১ এর ৩৯ (গ) মোতাবেক গুরুদন্ত যোগ্য অপরাধ;

যেহেতু তিনি বিগত ০৫/০৮/২০২৪ ইং তারিখ হতে কর্মস্থলে হতে অনুপস্থিত রয়েছেন, কর্মস্থলে উপস্থিত হওয়ার জন্য গত ১৯/০৮/২০২৪ ইং তারিখ ও ২৩/১০/২০২৪ ইং তারিখপত্র প্রেরণ করা হয়। কর্মস্থলে হাজির হয়ে কাজে যোগদান না করার কারণে বিগত ২৪/১২/২০২৪ ইং তারিখ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চবক চাকুরী প্রবিধানমালা ১৯৯১ এর ৪৫ বিধির বিধান মোতাবেক তাকে সাময়িকভাবে চবক চাকুরী হতে বরখাস্ত করা হয়। উক্ত কর্মচারীর কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি একখানা প্রতিবেদন দাখিল করেন। গত ০৩/০৭/২০২৫ ইং তারিখে চাকুরী প্রবিধানমালা অনযায়ী 'ক' ফর্ম জারী করা হয়। 'ক' ফর্মের জবাব সন্তোষজনক না হওয়ায় চবক চাকুরী প্রবিধানমালা/৯১ এর ৪৩(৬) বিধি ৪০ এর 'খ' ধারার 'ই' উপধারা মোতাবেক চাকুরী হতে অপসারণ করার গুরুদন্ত অবহিত করে তাকে ২০/০১/২০২৬ ইং তারিখে তদন্ত প্রতিবেদনের কপি সহ ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জবাব দাখিলের সময় দিয়ে 'খ' ফর্ম জারী করা হয়। উক্ত কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে 'খ' ফর্মের জবাব দাখিল না করে গত ২৯/০১/২০২৬ ইং তারিখে ৩০ দিন বা ০১ মাসের সময় বর্ধিত করণের আবেদন করলে অত্র কর্তৃপক্ষ কর্তৃক তা গৃহীত হয়নি। এতে প্রতিয়মান হয় যে, তিনি বন্দরের চাকুরি করতে মোটেই আগ্রহী নন।

যেহেতু জনাব মো: নায়েবুল ইসলাম, নিম্নমান বহি: সহকারী (সাময়িক বরখাস্ত), পরিবহন বিভাগ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর চাকুরী হতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার জবাব সমূহ, তদন্ত প্রতিবেদন এবং চবক বোর্ড সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়েছে এবং দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং বন্দরের চাকুরী করতে মোটেই আগ্রহী নন মর্মে প্রতীয়মান হওয়ায় পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করে যে অভিযোগ আনা হয়েছে তা প্রমানিত;

যেহেতু বর্ণিত অপরাধ/অপরাধ সমূহ গুরুদন্ত যোগ্য অপরাধ;

সেহেতু তাঁর বিরুদ্ধে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় পলায়নের দায়ে দোষী সাব্যস্তের বিষয়টি প্রমানিত হওয়ায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ চাকুরী প্রবিধানমালা-১৯৯১ এর ৪০ (খ) এর উপবিধি (ই) মোতাবেক চাকুরী হইতে অপসারণ দন্ত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তদপ্রেক্ষিতে, জনাব মো: নায়েবুল ইসলাম, নিম্নমান বহি: সহকারী (সাময়িক বরখাস্ত), পরিবহন বিভাগ-কে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর চাকুরী হইতে অপসারণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রাপকঃ

জনাব মো: নায়েবুল ইসলাম,
পদবী-নিম্নমান বহি: সহকারী (সাময়িক বরখাস্ত)
পরিবহন বিভাগ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

স্বাক্ষরিত/-

পরিচালক (পরিবহন)

চট্টগ্রামবন্দরকর্তৃপক্ষ

নং- ডিটিএম (অপা:)/স/তদন্তপ্রতিবেদনপ্রসঙ্গে/২০২৫ /১২১১

তারিখঃ ১৬/০৩/২০২৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে:-

১। সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;

২। সকল বিভাগীয় প্রধান, চবক;

৩। সিস্টেমস এনালিষ্ট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (চবক ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৪। পি এ টু চেয়ারম্যান, চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য;

৫। গার্ডফাইল/অফিস কপি।

পরিচালক (পরিবহন)

চট্টগ্রামবন্দরকর্তৃপক্ষ

১৬/৩/২৬